

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি  
নথীভুক্ত নং- ১১২৫  
সংরক্ষিত ফাইল নং-  
গ্রহণের তারিখ: ২৭/৫/২০২১  
২৭/৫/২০২১  
প্রতিষ্ঠানের প্রধান

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৪৪

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
২৭ মে ২০২১


বিষয় : সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পূর্বের ধারাবাহিকতায় আগামী ১২ জুন ২০২১ তারিখ পর্যন্ত বন্ধ বর্ধিতকরণ এবং ১৩ জুন ২০২১ তারিখ হতে খোলা রাখা প্রসঙ্গে।

করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকা সাপেক্ষে আগামী ১৩ জুন ২০২১ তারিখ হতে এ বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা এবং শিক্ষা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় প্রত্নুতিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। একইসাথে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে পূর্বের বন্ধের ধারাবাহিকতায় আগামী ১২ জুন ২০২১ তারিখ পর্যন্ত এ বিভাগের আওতাধীন সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীগণ নিজ নিজ বাসস্থানে অবস্থান করবেন এবং টেলিভিশন ও অনলাইন শিক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত থাকবেন।

০৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধকালীন শিক্ষার্থীদের বাসস্থানে অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবক্ষণ করবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(মোঃ সাজ্জাদুল ইসলাম)  
উপসচিব

ফোন : ৯৫৪৯১৩০


ইমেইল: sas\_admin1@moedu.gov.bd

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৯/০৫/২০২১ খ্রি.

**শিক্ষা প্রতিষ্ঠানে পূর্বের ধারাবাহিকতায় বন্ধ বর্ধিতকরণ বিজ্ঞপ্তি**

অত্র কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী করোনা ভাইরাস সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে পূর্বের বন্ধের ধারাবাহিকতায় আগামী ১২/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এ সময়ে শিক্ষার্থীরা নিজ নিজ বাসায় অবস্থান করবে এবং টেলিভিশন ও অনলাইন শিক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত থাকবে।

  
অধ্যক্ষ ২৭/০৫/২০২১

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা